

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ কসম ও ন্যর রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

গায়রুল্লাহ নামে কসম খাওয়ার বিধান কি?

গায়রুল্লাহ নামে কসম খাওয়া, বাপ, মা, ছেলে, পীর, কাবা, নবী, মসজিদ, কিবলা, বই, দেশমাতা ইত্যাদির নামে কসম খাওয়া শিরক। কসম হবে কেবল আল্লাহর নামে অথবা তার কোন গুনের নাম নিয়ে অথবা কুরআন স্পর্শ করে। ইবনে উমার (রঃ) একটি লোককে বলতে শুনলেন 'না, কাবার কসম!' তিনি তাকে বললেন, 'আল্লাহ ছাড়া অন্য কারো নামে কসম খেও না। কেননা, আমি রাসুলুল্লাহ (সঃ) কে বলতে শুনেছি, "যে ব্যক্তি গায়রুল্লাহ নামে কসম করে, সে কুফরি অথবা শিরক করে।" (আবু দাউদ ৩২৫১, তিরমিজি ১৫৩৫ নং)

নবী (সঃ) বলেছেন, " নিশ্চয় আল্লাহ তাআলা তোমাদেরকে তোমাদের বাপ দাদার নামে শপথ করতে নিষেধ করেছেন। সুতরাং যে শপথ করতে চায় সে যেন আল্লাহর নামে শপথ করে, নচেৎ চুপ থাকে।" (বুখারি ৩৮৩৬, মুসলিম ১৬৪৬ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2208

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন